

## নারীদিবস

পিনাকী চট্টোপাধ্যায়

শরন্যর নারীদিবসের জ্বালাময়ী ভাষণটা সকলের বেশ মনে ধরেছে। নারীবাদী কবি হিসাবে শরন্য বেশ শ্রতিষ্ঠিত। যে কারণে ওর অ-কবি বান্ধবরা আড়ালে ঠাট্টা তামাশাও করে থাকে, আর কয়েকজন বান্ধবীও তাতে যোগ দেয়। সে যাই হোক আনুষ্ঠান শেষে বাড়ি ফেরার পথে শরন্যর চোখে পড়ল একটি বাচ্চা ছেলে একটি বাচ্চা মেয়েকে মারছে। দেখা মাত্র শরন্য সেখানে গিয়ে বলল- কি হচ্ছে এটা?

ছেলেটি বলল আমরা খেলছি।

শরন্য রাগত স্বরে বলল এটা আবার কোণো খেলা হল? ছেলেরা মেয়েদের মারবে?

এবার মেয়েটি বলে উঠল- এটাই খেলার নিয়ম। যে যত বেশি মার খেতে পারবে তার তত বেশি পয়েন্ট।

শরন্য এরকম নিয়মে বেশ বিরক্ত। ভ্রুদুটো কুঁচকে মেয়েটিকে বলল- তবু তোরা এই খেলাটা খেলিস? কিছু বলিস না? চল তোকে আর খেলতে হবে না। আমি তোর সাথে আরও ভালো একটা খেলা খেলব কথটা বলেই শরন্য মেয়েটির হাত ধরল।

মেয়েটি তৎক্ষণাৎ হাত ছাড়িয়ে ঝাঁঝিয়ে উঠল- তুমি কি আর রোজ আমার সাথে খেলবে? ওরাই তো খেলবে। তোমার সাথে খেললে কাল যদি ওরা খেলায় না নেয়!

শরন্যর কোঁচকানো ভ্রুদুটো কোন এক অজানা কারণে সোজা হতে পারল না। হাতে ধরা বক্তৃতার কাগজটা কাঁপতে থাকল থর থর করে।